

দরপত্র আহ্বান

“অফিস ফার্নিচার সরবরাহ ও স্থাপন কাজ”

নিম্নবর্ণিত শর্তাবলীর ভিত্তিতে অভিজ্ঞ ও যোগ্য সরবরাহকারী/প্রতিষ্ঠানের নিকট হতে সিলগালা কোটেশন আহ্বান করা যাচ্ছে :

ক্র: নং	বিষয়	বিবরণ
০১	ক্রয়কারী প্রতিষ্ঠানের নাম	এনআরবিসি ব্যাংক পিএলসি.
০২	ক্রয় পদ্ধতি	সীমিত দরপত্র পদ্ধতি (LTM)
০৩	দরপত্রের বিষয়	অফিস ফার্নিচার সরবরাহ ও স্থাপন কাজ
০৪	দরপত্রের সামগ্রী	অফিস ফার্নিচার (চেয়ার, টেবিল, সোফা, সাইড টেবিল, মোবাইল ড্রয়ার ও টি-টেবিল)
০৫	অফিসের নাম ও ঠিকানা	ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন, ৭ম তলা, প্রধান কার্যালয়, ১১৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। যোগাযোগ: +৮৮০২২২৩৩৫৩৪২২
০৬	দরপত্র প্রকাশের তারিখ	০২.০৬.২০২৬
০৭	দরপত্র সংগ্রহের তারিখ ও সময়	০২.০৬.২০২৬ হতে ১১.০৬.২০২৬ পর্যন্ত
০৮	দরপত্র মূল্য	“এনআরবিসি ব্যাংক পিএলসি.” এর অনুকূলে যে কোন তফশিলি ব্যাংক হতে ইস্যুকৃত ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকার পে-অর্ডার গ্রহণযোগ্য হবে, যা অফেরতযোগ্য।
০৯	দরপত্র জামানত	মোট মূল্যের ১.৫% হারে “এনআরবিসি ব্যাংক পিএলসি.” এর অনুকূলে যে কোন তফশিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি গ্রহণযোগ্য হবে, যা পরবর্তীতে দরপত্র কার্যক্রম শেষে ফেরতযোগ্য।
১০	কার্যসম্পাদন জামানত	প্রযোজ্য নয়
১১	দরদাতার যোগ্যতা	ক) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) এনআরবিসি ব্যাংক পিএলসি.-এর তালিকাভুক্ত (Enlisted) ভেণ্ডর হতে হবে।
১২	দরপত্র জমাদানের স্থান, তারিখ ও সময়	১১.০৬.২০২৬ তারিখ বিকাল ৩:০০ টার মধ্যে এনআরবিসি ব্যাংক পিএলসি., ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন, ৭ম তলা, প্রধান কার্যালয়, ১১৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৩	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	১১.০৬.২০২৬ তারিখ বিকাল ৩:৩০ টায় এনআরবিসি ব্যাংক পিএলসি., ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন, ৭ম তলা, প্রধান কার্যালয়, ১১৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৪	দরদাতার দাখিলযোগ্য কাগজপত্র	ক) বৈধ রেজিস্ট্রেশন সনদ খ) মালিকানার কাগজপত্র গ) ভ্যাট ও টিআইএন সনদ ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স ঙ) ব্যাংক সলভেন্সি সনদ
১৫	বিশেষ নির্দেশনা	ক) দরপত্র সংক্রান্ত অন্যান্য তথ্য স্বাক্ষরকারীর অফিস হতে সংগ্রহ করা যাবে। খ) ক্রয়কারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। গ) দরপত্রের সকল পৃষ্ঠায় দরদাতার অনুমোদিত প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে। ঘ) শুধুমাত্র সর্বনিম্ন দরই গ্রহণযোগ্যতার একমাত্র মানদণ্ড হবে না। ঙ) ভেণ্ডর/সরবরাহকারীগণ তাদের সক্ষমতা ও আগ্রহ অনুযায়ী একক বা একাধিক আইটেমে অংশগ্রহণ করতে পারবেন। চ) Hatil / Akhter / Navana / Otobi / Regal / Partex অথবা সমমানের গুণগত মান নিশ্চিত করতে হবে।



মোহাম্মদ গাউস আহমেদ
 ভাইস প্রেসিডেন্ট ও প্রধান, ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন